ভোরের কাগজ

তারিখ SEP. 27 1999
পৃঃ ১ কলাম ৭

১১ উপাচার্যের যুক্ত বিবৃতি

# কথায় কথায় বিশ্ববিদ্যালয় বন্ধ করে দুর্ভোগ না বাড়াতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান

কাগজ প্রতিবেদক : বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের সংগঠন বিশ্ববিদ্যালয় পরিষদ শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল সোমবার দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এক যুক্ত বিবৃতিতে কথায় কথায় বিশ্ববিদ্যালয় বন্ধ করে দুর্ভোগ না বাড়ানোর জন্য তাদের প্রতি আহ্বান জানান। তারা যৌক্তিক আলোচনার মাধ্যমে সংকট নিরসনের জন্য শিক্ষার্থীদের প্রতি অনুরোধ করেন।

বিবৃতিতে সাম্প্রতিককালে বিভিন্ন অযৌক্তিক অজুহাতে বিশ্ববিদ্যালয়সমূহ অচল করে দেওয়ার চেষ্টায় উদ্বেগ প্রকাশ করে বলা হয়, মুষ্টিমেয় কিছু শিক্ষার্থী নানান সংগঠনের ব্যানারে এ জাতীয় কর্মকাণ্ড করে হাজার হাজার শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের চরম দুর্ভোগের মধ্যে ফেলে

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৭

## ১১ উপাচার্যের বিবৃতি

● প্রথম পাতার পর

দিচ্ছে। বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়সমূহে লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হলে তার চাপ পড়ে সে দেশের জনগণের ওপর- যা কোনো অবস্থাতেই কাম্য হতে পারে না।

বিবৃতিতে দাবি করা হয়, নানা সীমাবদ্ধতার মাঝেও বিশ্ববিদ্যালয় প্রশাসন সব সময় শিক্ষারমান উন্নয়ন তথা ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধা বৃদ্ধিতে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। সরকারও বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যা সমাধানে যথেষ্ট আন্তরিক।

বিবৃতিতে স্বাক্ষরদাতা উপাচার্যবৃন্দ হলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ কে আজাদ চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাইদুর রহমান খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবদুল মান্নান, কৃষি বিশ্ববিদ্যালয়ের মুহাম্মদ হোসেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আলাউদ্দিন আহমদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের মুহাম্মদ কায়েস উদ্দিন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের আমিনুল ইসলাম, খুলনা বিশ্ববিদ্যালয়ের এস এম নজরুল ইসলাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এম হাবিবুর রহমান, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এম আমিনুল ইসলাম এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের এম নূর উদ্দিন।